



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345  
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/কাস/২০২২/১২৬

২২ জুন, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়: বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ক) এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৯/২০২২-২৩৬৬ তারিখঃ ২০ জুন ২০২২  
খ) এফইপিডি সার্কুলার লেটার নং- ১৩ তারিখঃ ০২ আগস্ট ২০১৮  
গ) এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৮/২০১৮-২৯৭৩ তারিখঃ ১৩ আগস্ট ২০১৮

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধি করার জন্য বিজিএমইএ হতে বাংলাদেশ ব্যাংকে পত্র যোগাযোগ ও আনুষ্ঠানিক সভার প্রেক্ষিতে বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে বিজিএমইএ বরাবরে যে পত্র প্রেরণ করা হয়েছে তা এতদসঙ্গে আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক বিল অব এন্ট্রি ওভারডিউ হিসেবে প্রদর্শিত হওয়ার ৭(সাত) কার্য দিবস পূর্বে আবেদন করার জন্য আপনাদের অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: বর্ণনামতে ৩(তিন) পাতা

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট  
(ইমপোর্ট ট্রেড সেকশন)

স্মরণ নং : এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৯/২০২২-২৩৬৬

তারিখ : ২০/০৬/২০২২

মহাসচিব  
বিজিএমইএ  
বিজিএমইএ কমপ্লেক্স  
বাসা নং # ৭/৭এ  
ব্লক # এইচ ১  
সেক্টর # ১৭, উত্তরা  
ঢাকা-১২৩০

বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শীর্ষক বিষয়ে আপনাদের ০৪/০৬/২০২২ তারিখের পত্র নং বিজিএ/কাস/৩৭৯৪ এবং এ বিভাগের ১৩/০৮/২০১৮ তারিখের পত্র নং এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৮/২০১৮-২৯৭৩ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সকল এন্ট্রি ব্যাংককে লিখিত এ বিভাগের ১৩/০৮/২০১৮ তারিখের পত্র নং এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৮/২০১৮-২৯৭৩ এর মাধ্যমে পরিশোধিত অর্থের বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধির জন্য বিল অব এন্ট্রি Overdue হিসেবে প্রদর্শিত হওয়ার ০৭(সাত) কর্মদিবস পূর্বে আবেদন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিলক্ষিত হয়েছে যে, ব্যাংকসমূহ কর্তৃক ০৭ কর্মদিবস পূর্বে আবেদন না করে অধিকাংশ ক্ষেত্রে আইএমপিএর বিপরীতে বিল অব এন্ট্রি Overdue হিসেবে প্রদর্শিত হওয়ার পর সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করে থাকে। ফলে, গ্রাহককে সমস্যার সম্মুখীন হতে হয়।

৩। কেস-টু-কেস ভিত্তিতে আইএমপিএর বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধির আবেদনসমূহ এ বিভাগ কর্তৃক সর্বাধিক গুরুত্বের সাথে বিবেচনা করা হয়।

এ বিভাগের ১৩/০৮/২০১৮ তারিখের পত্র নং এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৮/২০১৮-২৯৭৩ এর নির্দেশনা পরিপালন করতঃ বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা মেয়াদোত্তীর্ণ হওয়ার ০৭(সাত) কর্মদিবস পূর্বে ব্যাংক কর্তৃক আবেদন করা হলে সাধারণত তা মেয়াদোত্তীর্ণের পূর্বে নিষ্পত্তি হয়ে থাকে।

ধন্যবাদান্তে,

(মোঃ সুজাত আলী প্রধান)

যুগ্ম পরিচালক

ফোন : ৫৫৬৬৫০০১-৬/২১১৪৩

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা-১০০০।  
www.bb.org.bd

এফইপিডি সার্কুলার লেটার নং-১৩

আগস্ট ০২, ২০১৮  
তারিখ : .....  
শ্রাবন ১৮, ১৪২৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি ম্যাচিং এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত আবেদন নিষ্পত্তি প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্-২০১৮, ভলিউম-১ এর অধ্যায় ৭, অনুচ্ছেদ ৩০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য অনুচ্ছেদে প্রযোজ্য ক্ষেত্রে ১২০ দিনের অধিক সময়ের জন্য বিল অব এন্ট্রি ম্যাচিং এর সময়সীমা বর্ধিত করার আবেদন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসে প্রেরণের নির্দেশনা রয়েছে।

২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি ম্যাচিং এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত আবেদন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট-এ দাখিল করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর অন্যান্য অফিস সমূহেও এ জাতীয় আবেদন দাখিল করা যাবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার লেটারের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আবদুল মান্নান)

উপ-মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০৩১৯

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিবিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট  
(ইমপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৮/২০১৮- ২৯৭৩

তারিখঃ ১৩/০৮/২০১৮ ইং

বাবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

(দৃষ্টি আকর্ষণঃ আন্তর্জাতিক বিভাগ ও সকল এডি শাখা)

প্রিয় মহোদয়,

**মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।**

শীর্ষক বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের এফই সার্কুলার পত্র নং- ১৩, তারিখঃ ০২/০২/২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বৃদ্ধির আবেদনসমূহ সংশ্লিষ্ট আইএমপি ফরমের কপি ও উক্ত বিল অব এন্ট্রি দাখিলে সংশ্লিষ্ট আমদানিকারকের গৃহীত ব্যবস্থা/অগ্রগতির তথ্যসহ আপনাদের প্রধান কার্যালয়/আন্তর্জাতিক বিভাগের মাধ্যমে মেয়াদোত্তীর্ণ হওয়ার নূন্যতম ০৭ (সাত) কর্মদিবসের পূর্বে অত্র বিভাগে দাখিল করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

০৩) এক্ষেত্রে, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের সার্কুলার পত্র নং- এফইপিডি/এএসএনএফবিপি/১১১/২০০৯-৪৯৩, তারিখঃ ০৬/১০/২০০৯ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার বিষয়টি আপনাদেরকে স্মরণ করিয়ে দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোকাম্মে আহমদ)

উপ- পরিচালক

ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১২৫